পাঠ ৪

একটি শিক্ষাকেন্দ্রিক বিষয়

সৃষ্টিকর্তা ঈশ্বর হলেন প্রকৃত ঈশ্বর

সৃষ্টিকর্তা ঈশ্বর হলেন প্রকৃত ঈশ্বর

বাইবেলের গল্প

এমন গল্প ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর হলেন প্রকৃত ঈশ্বর

সুখবরের কাহিনীপুস্তক চার | পৃষ্ঠা 2-17 | *স্বর্গ থেকে আগুন |*

পৃষ্ঠা 2 থেকে 5 এ যে গল্পটি আছে সেটি পড়ুন এবং ছেলেমেয়েদের কাছে গল্পটি পড়তে পড়তে সুখবরের কাহিনী পুস্তকে যে আঁকাগুলি আছে তা দেখান | পৃষ্ঠা 6 পড়বার সময় তার মধ্যে যে সব এ্যাকশনযুক্ত কথা আছে সেগুলো পড়তে পড়তে এ্যাকশন করে দেখান | উদাহরণ: 'আমি দেখতে পাচ্ছি যে সমস্ত লোক, অন্য ঈশ্বরের উদ্দেশে গান করে, তারা গাইছে (গান গাইবার এ্যাকশন করুন), প্রার্থনা করছে (প্রার্থনা করবার এ্যাকশন করুন), নাচ করছে (নাচের এ্যাকশন করুন) এবং লাফাচ্ছে (ওপরে-নীচে...ওপরে-নীচে...ওপরে-নীচে লাফানোর এ্যাকশন করুন) |

পৃষ্ঠা 7 থেকে 9এ যে গল্পটি সুখবরের কাহিনী পুস্তক চার এ আছে তা ছেলেমেয়েদের কাছে পড়ে শোনান এবং পড়তে পড়তে আঁকাগুলো দেখান | পৃষ্ঠা 10এ যে এ্যাকশন শব্দগুলি আছে, পড়তে পড়তে সেই এ্যাকশনগুলি করুন | উদাহরণ: 'আমি দেখতে পাচ্ছি যে সমস্ত লোক, অন্য ঈশ্বরের উদ্দেশে গান করে, তারা চিৎকার করে প্রার্থনা করছে (চিৎকার করে প্রার্থনা করবার এ্যাকশন করুন), অনেকক্ষণ ধরে নাচছে (অনেকক্ষণ ধরে নাচের এ্যাকশন করুন) এবং খুব উঁচুতে লাফাচ্ছে (খুব উঁচুতে ওপরে-নীচে...ওপরে-নীচে...ওপরে-নীচে লাফাবার এ্যাকশন করুন) |

পৃষ্ঠা 11-12 তে যে গল্পটি আছে সেটি ছেলেমেয়য়েদের কাছে পড়ুন এবং পড়তে পড়তে সুখবরের কাহিনীপুস্তক চার এ যে আঁকাগুলি রয়েছে সেগুলি দেখান | পৃষ্ঠা13তে দেওয়া এ্যাকশন শব্দগুলি পড়তে পড়তে এ্যাকশন করুন | উদাহরণ: 'বেদির চারপাশে জল ঢালছে' (কুয়ো থেকে জল তোলা, এক কলসী জল বয়ে নিয়ে যাওয়া ও বেদির চারপাশে তা ঢালবার এ্যাকশন করুন) |

পৃষ্ঠা 14 থেকে 17 পর্যন্ত যে গল্পটি আছে তা ছেলেমেয়েদের কাছে পড়ুন, সুখবরের কাহিনী পুস্তকে যে আঁকাগুলো আছে সেগুলো দেখান এবং এ্যাকশনগুলো করুন |

1, 2, 3 গল্প শুরু করুন...

পাঠ ৪



সৃষ্টিকর্তা ঈশ্বর হলেন প্রকৃত ঈশ্বর

প্রশ্নোত্তরের প্রতিযোগিতা

গল্পটি সম্পর্কে ছেলেমেয়েদের প্রশ্ন করুন। ছেলেমেয়েদের নিয়ে দুটো দল করুন। প্রথম দলটিকে একটা প্রশ্ন করুন। প্রথম দলের সব ছেলেমেয়েদের একটিমাত্র উত্তরের সিদ্ধান্ত নিতে হবে। ওরা যদি ঠিক উত্তর দিতে পারে তাহলে আপনি ওদের দলকে 1 নম্বর দেবেন। যদি প্রথম দলটি ঠিক উত্তর দিতে না পারে তাহলে একই প্রশ্ন দ্বিতীয় দলকে করুন। দ্বিতীয় দলের সমস্ত ছেলেমেয়েদের যে কোন একটি উত্তরের সিদ্ধান্ত নিতে হবে। ওরা যদি ঠিক উত্তর দেয় তাহলে আপনি ওদের দলকে 1 নম্বর দেবেন।

সর্বমোট নম্বরের হিসাব একটি ব্ল্যাকবোর্ডের ওপর অথবা একখন্ড কাগজে লিখে রাখবেন।

তারপর দ্বিতীয় দলকে গল্প সম্পর্কে আর একটি প্রশ্ন করুন। দ্বিতীয় দলের সব ছেলেমেয়েদের একটিমাত্র উত্তরের সিদ্ধান্ত নিতে হবে। যদি ওরা ঠিক উত্তর দিতে পারে তাহলে আপনি ওদের দলকে 1 নম্বর দেবেন। যদি দ্বিতীয় দলটি ঠিক উত্তর দিতে না পারে তাহলে এ একই প্রশ্ন আপনি প্রথম দলকে করবেন। প্রথম দলের সব ছেলেমেয়েদের মাত্র একটি উত্তরের সিদ্ধান্ত নিতে হবে। যদি ওরা ঠিক উত্তর দেয় তবে আপনি ওদের দলকে 1 নম্বর দেবেন।

গল্প সম্পর্কে প্রশ্ন করবার পালা উল্টে-পাল্টে প্রথম এবং দ্বিতীয় দলের মধ্যে চলতে থাকবে।

যদি কোন ছেলে বা মেয়ে ভুল উত্তর দেয় তাকে উৎসাহ দেবার জন্য বলুন যে তার প্রচেষ্টা ভাল কিন্তু তার উত্তরটি আপনার আশানুরূপ নয়। যদি কোন ছেলে বা মেয়ে ঠিক উত্তর দেয় তাকে বলুন যে সে খুব ভাল করেছে!

এখানে উত্তরসহ কয়েকটি প্রশ্ন দেওয়া হল যা আপনি জিজ্ঞাসা করতে পারেন।

এলিয় কার উদ্দেশে গান করেছিলেন? সৃষ্টিকর্তা ঈশ্বর।

লোকরা কার উদ্দেশে গান করেছিল? অন্য দেবতাদের উদ্দেশে।

অন্য দেবতারা কি করেছিল? কিছুই না।

অন্য দেবতারা কি স্বর্গ থেকে আগুন নামাতে পেরেছিল? না।

সৃষ্টিকর্তা ঈশ্বর কি স্বর্গ থেকে আগুন নামিয়ে আনতে পেরেছিলেন? হ্যাঁ।

যে সমস্ত লোকরা অন্য দেবতাদের উদ্দেশে গান করেছিল তাদের কথার উত্তর কি অন্য দেবতারা দিতে পেরেছিল? না।

সৃষ্টিকর্তা ঈশ্বর কি এলিয়কে, যিনি একমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দেশেই গান করেছিলেন, তাকে উত্তর দিয়েছিলেন? হ্যাঁ।

পাঠ ৪



এই গল্প থেকে সৃষ্টিকর্তা ঈশ্বর সম্পর্কে তোমরা কি শিক্ষা লাভ করলে?

আমরা যখন শুধুমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দেশে গান করি তখন তিনি আমাদের কথার উত্তর দেন। একমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের স্বর্গ থেকে আগুন নামিয়ে আনার ক্ষমতা আছে।

একমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দেশে গান গাও (উপাসনা কর), কারণ তিনিই প্রকৃত ঈশ্বর।

ছেলেমেয়েদের বোঝান যে 'একমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দেশে গান গাও' মানে 'একমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উপাসনা কর।'

এ্যাকশন গীত

এমন এ্যাকশন গীত ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর হলেন প্রকৃত ঈশ্বর।

স্তব কর নিজ হৃদয়ে (3)
রাজাদের রাজা, আরাধনা কর তাঁর (2)
স্তব কর নিজ হৃদয়ে, রাজাদের রাজা

প্রেম ও সেবা কর তাঁর (3)
প্রশংস তাঁর নাম

ঈশ্বরে অনন্ত জয় (3)
ধন্য হোক তাঁর নাম

প্রভুদের প্রভু রাজাধিরাজ (3)
কর তাঁর জয়রব

বিষয়কেন্দ্রিক পাঠ

এমন বিষয়কেন্দ্রিক পাঠ ব্যবহার করুন যা শেখায় যে, সৃষ্টিকর্তা ঈশ্বর হলেন প্রকৃত ঈশ্বর

যে কোন ছেলে বা মেয়েকে বলুন আপনার সাহায্যকারী হতে। খেলার নিয়মগুলো বুঝিয়ে দিন। আপনি (শিক্ষক) সাহায্যকারীর কানে একটি কথা ফিসফিস করে বলবেন (ঈশ্বর কিছু সৃষ্টি করেছেন যা সবাই দেখতে পায়)। সাহায্যকারী ছেলে বা মেয়েটি তখন সামনে এসে দাঁড়াবে এবং বলবে, 'আমি কিছু দেখতে পাচ্ছি যা (জিনিষটির রঙ বলবে)।

উদাহরণ: ফিসফিস করে বলুন সূর্য। সাহায্যকারীটি তখন বলে, 'আমি একটি জিনিষ দেখতে পাচ্ছি যার রঙ হলুদ।' অন্য ছেলেমেয়েরা চতুর্দিকে তাকিয়ে দেখবে এবং 'যা হলুদ রঙের' তা কি সেটা অনুমান করে বলবে।

যে প্রথম ঠিক উত্তরটা বলবে সে পরের বারের খেলার সাহায্যকারী হবে। ছেলেমেয়েরা যতক্ষণ পর্যন্ত আগ্রহী থাকবে ততক্ষণ খেলা চালিয়ে যাবেন।

যখন খেলা শেষ হবে তখন ছেলেমেয়েদের বুঝিয়ে বলুন যে সব জিনিষই সৃষ্টিকর্তা ঈশ্বর সৃষ্টি করেছেন। এই সব কিছুর ওপর একমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের ক্ষমতা আছে কারণ একমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বর সবকিছুই সৃষ্টি করেছেন। একমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরই প্রকৃত ঈশ্বর কারণ একমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরেরই ক্ষমতা আছে!

পাঠ ৪

বাইবেলের মুখস্থ পদের খেলা

এমন বাইবেল পদ ব্যবহার করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর প্রকৃত ঈশ্বর



বুঝিয়ে দিন যে সৃষ্টিকর্তা ঈশ্বরের আর এক নাম *প্রভু।*

1 রাজাবলি 18:39 *সমস্ত লোক এ ঘটনা দেখে মাটিতে হাঁটু গেড়ে বসে বলতে শুরু করলো, "প্রভুই ঈশ্বর। প্রভুই ঈশ্বর।"*

শিক্ষণের জন্য সহায়ক উপকরণ: 7টি বেলুন, সূতো, 7টি পাথর এবং একটি স্থায়ী কালো মার্কার পেন।

চিত্র ও কথার ধাঁধাঁ: ছেলেমেয়েদের বলুন সাতটি বেলুন ফোলাতে এবং তাদের মুখগুলো বেঁধে দিতে যাতে হাওয়া বেরিয়ে না যায়। প্রত্যেকটি ফোলানো বেলুন নিন আর বাইবেলের মুখস্থ পদের কথাগুলি লিখুন এবং এখানে দেখানো ছবিগুলো আঁকুন।

যদি ছেলেমেয়েরা পড়তে না শিখে থাকে তাহলে কথার বদলে ছবিগুলি ব্যবহার করুন।

ছেলেমেয়েরা, যারা একে অপরের পিঠোপিঠি দাঁড়িয়ে আছে তাদের মধ্যে থেকে একজন সাহায্যকারীকে বেছে নিন। প্রথম বেলুনটি নিয়ে ছেলেমেয়েরা লোফালুফি করবে এবং যখন সাহায্যকারী 'থামো' বলে চেঁচিয়ে উঠবে তখন যে ছেলে বা মেয়েটির হাতে বেলুনটা থাকবে সে দলের থেকে বেরিয়ে সামনে আসবে এবং সকলকে বেলুনের ওপর লেখা বাইবেলের মুখস্থ পদ ও ছবিটি দেখাবে।

যতক্ষণ না 7টি বেলুন লোফালুফি করা হচ্ছে, 7 টি ছেলেমেয়ের দ্বারা বেলুনের ওপর লেখা কথা এবং ছবি দেখানো শেষ হচ্ছে ততক্ষণ খেলা চলতে থাকবে।

প্রত্যেকটি বেলুনকে সুতো দিয়ে বাঁধুন এবং পাথর চাপা দিয়ে রাখুন যাতে 7 টি ছেলেমেয়ে দলের অন্যান্য ছেলেমেয়েদের সঙ্গে বসে পড়তে পারে। জিজ্ঞাসা করে দেখুন কোন্ ছেলে বা মেয়েটি বাইবেলের মুখস্থ পদের কথাগুলো যথাযথ ধারায় সাজাতে পারবে।

সৃষ্টিকর্তা ঈশ্বর হলেন প্রকৃত ঈশ্বর

ছেলেমেয়েদের বলুন একবারে মাত্র একটা বেলুন নিয়ে চেষ্টা করে বাইবেলের মুখস্ত পদটি অনুমান করতে। কিছুটা সময় পর্যন্ত যদি ছেলেমেয়েরা অনুমান করতে না পারে তাহলে ধাঁধাঁটি সমাধান করবার জন্য তাদের কিছু সূত্র দিন। বাইবেলের মুখস্থ পদটি বলুন এবং 3 বার পুনরাবৃত্তি করুন।

ব্যবহারিক প্রয়োগ

এমন ব্যবহারিক প্রয়োগ করুন যা শেখাবে, সৃষ্টিকর্তা ঈশ্বরই প্রকৃত ঈশ্বর

সৃষ্টিকর্তা ঈশ্বরই প্রকৃত ঈশ্বর। একমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বর উপাসনা পাবার যোগ্য কারণ সৃষ্টিকর্তা ঈশ্বরই প্রকৃত ঈশ্বর।

সাক্ষ্যদান: একবার যখন সৃষ্টিকর্তা ঈশ্বর তোমার প্রার্থনার উত্তর দিয়েছেন।

প্রার্থনা: সৃষ্টিকর্তা ঈশ্বর তোমাকে ধন্যবাদ কারণ তুমি আমাকে দেখিয়েছ যে তুমিই প্রকৃত ঈশ্বর। তোমাকে ধন্যবাদ যে তুমি আমাকে ভালবাসো। ধন্যবাদ যে তুমি আমার প্রার্থনার উত্তর দাও। আমেন।

পাঠ 9



একটি শিক্ষাকেন্দ্রিক বিষয়

শুধুমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উপাসনা করা

শুধুমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উপাসনা করা

বাইবেলের গল্প

এমন গল্প ব্যবহার করুন যা শেখায়, শুধুমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উপাসনা করা

সুখবরের কাহিনীপুস্তক চার | পৃষ্ঠা 18-32 | *আগুনের বলয় |*

ছেলেমেয়েদের নিয়ে গল্পটির ওপর একটি নাটক অভিনয় করুন | ছেলেমেয়েদের সবাইকে বুঝিয়ে বলুন যে তোমরা সবাই 'আগুনের বলয়' নামে একটি নাটক অভিনয় করতে চলেছ |

অভিনেতাগণ: গল্পের কথক ও পরিচালক (শিক্ষক আপনি নিজে) | সৃষ্টিকর্তা ঈশ্বরের মত একজন (ছেলেমেয়েদের মধ্যে একজন) | তিনজন বালক (ছেলেমেয়েদের মধ্যে তিনজন) | রাজা (ছেলেমেয়েদের মধ্যে একজন) | আগুনের বলয় (বাদবাকি ছেলেমেয়েরা যারা ইতিমধ্যে নাটকের মধ্যে গণ্য হয়নি) |

যে সব ছেলেমেয়েরা 'আগুনের বলয়' হয়েছে তাদের বলুন হাত ধরাধরি করে একটা বড় বৃত্ত তৈরি করতে | গল্প কথক (আপনি) যখন গল্প বলতে শুরু করবেন তখন ছেলেমেয়েরা ধীরে ধীরে গোল হয়ে ঘুরবে | যখন গল্পের মধ্যে কেউ একজন বলবে 'আগুন' বৃত্তের ছেলেমেয়েরা হাত তুলে বলবে 'গরম, গরম, গরম |' শুরুতে গল্প কথক, রাজা, তিনটি বালক এবং সৃষ্টিকর্তা ঈশ্বরের মত একজন বৃত্তের বাইরে (আগুনের বলয়) থাকবে |

সুখবরের কাহিনী পুস্তক চার থেকে গল্পটি পড়ুন ও বলুন | পৃষ্ঠা 18-32 | আপনি যখন গল্প পড়তে ও বলতে থাকবেন তখন ছেলেমেয়েদের নাটকে তাদের অংশের অভিনয় করবার নির্দেশ দেবেন | যদি অভিনয় করবার ছেলেমেয়েরা পড়তে পারে তাহলে তাদের প্রত্যেককে সুখবরের কাহিনী চার এর একটি করে অনুলিপি দেবেন যাতে তারা গল্পটা বুঝতে পারে এবং তাদের অভিনয় করে দেখাবার কথাগুলো পড়তে পারে |

উদাহরণ: পৃষ্ঠা 19 থেকে পড়ে বলুন, 'আমি শুনতে পাচ্ছি রাজা লোকদের বলছেন,' এরপর যে রাজা সেজেছে আপনি তার দিকে অঙ্গুলি নির্দেশ করবেন | যে ছেলেটি রাজার অভিনয় করছে সে তার অংশ থেকে পড়ে বলবে, 'সোনার প্রতিমার উদ্দেশে গান কর, নাহলে আমি তোমাদের আগুনের মধ্যে ফেলে দেব |'

পাঠ 9



মনে রাখবেন, কেউ যদি বলে, ‘আগুন’, গল্প পড়া সেখানেই থামিয়ে দেবেন আর যে ছেলেমেয়েরা বৃত্ত তৈরি করেছে তাদের দিকে নির্দেশ করবেন। বৃত্তের ছেলেমেয়েরা (আগুনের বলয়) তাদের হাত ওপরে তুলে বলবে, ‘গরম, গরম, গরম।’ ওরা এটা করবার পর আপনি আবার গল্প পড়তে শুরু করবেন।

1, 2, 3 নাটক শুরু করুন...

শুধুমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উপাসনা করা

যে সব ছেলেমেয়েরা আগুনের বলয় হয়েছে তারা হাত ধরাধরি করে হাঁটতে শুরু করবে। আপনি গল্পটি পড়ে পড়ে বলতে শুরু করবেন।

নাটক শেষ হয়ে যাবার পর ছেলেমেয়েদের কিছু প্রশ্ন করুন।

কোন ছেলে বা মেয়ে ভুল উত্তর দিলে তাকে উৎসাহ দিয়ে বলুন যে তার প্রচেষ্টা ভাল কিন্তু আপনি যে উত্তর খুঁজছেন এটা সে উত্তর নয়।

যদি কোন ছেলে বা মেয়ে ঠিক উত্তর দেয় তবে তাকে বলুন, হ্যাঁ, খুব ভাল হয়েছে! যতক্ষণ না কোন ছেলেমেয়ে সঠিক উত্তর দিচ্ছে ততক্ষণ একই প্রশ্ন করে যান।

এখানে গল্প সম্পর্কিত কয়েকটি প্রশ্ন দেওয়া হল যা আপনি জিজ্ঞাসা করতে পারেন।

রাজা কেন বালক তিনটিকে আগুনের মধ্যে ফেলে দিলেন?
বালক তিনটি সোনার প্রতিমার উদ্দেশে গান করতে রাজি হয়নি।

আগুনের মধ্যে কে বালক তিনটিকে (ত্রাণ করবার জন্য) দেখতে গিয়েছিলেন?
সৃষ্টিকর্তা ঈশ্বরের মত একজন।

বালক তিনটি আগুনের মধ্যে পড়েও আঘাত পায়নি কেন?
সৃষ্টিকর্তা ঈশ্বর তাদের রক্ষা করেছিলেন।

এই গল্প থেকে সৃষ্টিকর্তা ঈশ্বর সম্পর্কে আমরা কি শিক্ষালাভ করি?
সৃষ্টিকর্তা ঈশ্বর তাদের রক্ষা করেন যারা শুধুমাত্র তাঁর উদ্দেশে গান করে।

সৃষ্টিকর্তা ঈশ্বর হলেন প্রকৃত ঈশ্বর।

আমরা শুধুমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উপাসনা করি।

পাঠ 9

এ্যাকশন গীত

এমন এ্যাকশন গীত ব্যবহার করুন যা শেখায়, শুধুমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উপাসনা করা

মোর জীবন প্রভু তুমি

মোর শক্তি প্রভু তুমি

মোর আশা প্রভু তুমি, তুমি, তুমি।

আমি গাইব সেই গান জীবনে

আমি গাইব সমস্ত শক্তিতে

সমস্ত জীবন সমস্ত শক্তি

সমস্ত আশা তুমি।



শুধুমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উপাসনা করা

বিষয়কেন্দ্রিক পাঠ

এমন বিষয়কেন্দ্রিক পাঠ ব্যবহার করুন যা শেখায়, শুধুমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরকে উপাসনা করা

দুটি ছেলেমেয়েকে আপনার সাহায্যকারী হতে বলুন। বুঝিয়ে বলুন যে একটি ছেলে (সেই ছেলেটির দিকে নির্দেশ করুন) ভান করবে যে সে সৃষ্টিকর্তা ঈশ্বর এবং মেয়েটি (মেয়েটির দিকে নির্দেশ করুন) ভান করবে যে সে অন্য ঈশ্বরের উপাসনা করে।

এবার, যে মেয়েটি অন্য ঈশ্বরদের উপাসনা করবার ভান করছে তার চোখ বেঁধে দিন।

দুজন সাহায্যকারীকে বলুন অন্য ছেলেমেয়েদের সামনে হাঁটতে। যে ছেলেটি সৃষ্টিকর্তা ঈশ্বরের ভান করছে তাকে বলুন যে মেয়েটি অন্য ঈশ্বরদের উপাসনা করছে তার পেছনে হাঁটতে।

বুঝিয়ে দিন যে, যে মেয়েটি অন্য ঈশ্বরদের উপাসনা করবার ভান করছে সে অন্ধকারে হারিয়ে গেছে এবং সৃষ্টিকর্তা ঈশ্বরকে দেখতে পাচ্ছে না।

এই পরিস্থিতি ঠিক সেরকম যখন আমরা অন্য ঈশ্বরদের উপাসনা করি। আমরা অন্ধকারে হারিয়ে যাই।

কিন্তু সৃষ্টিকর্তা ঈশ্বর খুব দূরে নেই। সৃষ্টিকর্তা ঈশ্বর তাদের উদ্ধার করতে চান এবং তিনি আমাদের উদ্ধার করবার জন্য অপেক্ষা করছেন।

বাইবেলের মুখস্থ পদের খেলা

এমন বাইবেল পদ ব্যবহার করুন যা শেখায়, শুধুমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উপাসনা করা

যাত্রাপুস্তক 20:3 ***'আমাকে ছাড়া তোমরা আর কোনও ঈশ্বরকে উপাসনা করবে না।'*** (সৃষ্টিকর্তা ঈশ্বর বলেন)

পাঠ 9

ঢোলের ছন্দের সঙ্গে বাইবেলের মুখস্থ পদটি গান এবং ছেলেমেয়েদের বলুন আপনার (শিক্ষক) গানের পরে পুনরাবৃত্তি করতে।

শিক্ষক: 'আমাকে ছাড়া'
ছেলেমেয়েরা: 'আমাকে ছাড়া'

শিক্ষক: 'তোমরা আর কোনও দেবতাকে'
ছেলেমেয়েরা: 'তোমরা আর কোনও দেবতাকে'

শিক্ষক: 'উপাসনা করবে না।'
ছেলেমেয়েরা: 'উপাসনা করবে না।'

শিক্ষক: 'যাত্রাপুস্তক 20:3'
ছেলেমেয়েরা: 'যাত্রাপুস্তক 20:3'

যতক্ষণ না ছেলেমেয়েরা পদটি মনে রাখতে পারছে ততক্ষণ পুনরাবৃত্তি করতে থাকুন।

ব্যবহারিক প্রয়োগ

এমন ব্যবহারিক প্রয়োগ হওয়া চাই যা শেখায়, শুধুমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উপাসনা করা

সৃষ্টিকর্তা ঈশ্বরই প্রকৃত ঈশ্বর। আমরা শুধুমাত্র তাঁর উপাসনা করি। আমরা যখন অন্য ঈশ্বরদের উপাসনা করি তখন আধ্যাত্মিক অন্ধকার আমাদের জীবনে প্রবেশ করে। আমরা যখন অন্য ঈশ্বরদের উপাসনা করি তখন আমরা অন্ধকারে হারিয়ে যাই।

আমরা শুধু প্রকৃত ঈশ্বরের উপাসনা করি এবং তিনি আমাদের জীবন থেকে আধ্যাত্মিক অন্ধকারকে ঠেলে দূরে সরিয়ে দেন। আমরা শুধুমাত্র প্রকৃত ঈশ্বরকে উপাসনা করি এবং তিনি আমাদের আধ্যাত্মিক অন্ধকার থেকে উদ্ধার করেন।

শুধুমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বরের উপাসনা করা

প্রার্থনা: সৃষ্টিকর্তা ঈশ্বর তোমাকে ধন্যবাদ কারণ তুমি আমায় দেখিয়েছ যে তুমিই প্রকৃত ঈশ্বর। সৃষ্টিকর্তা ঈশ্বর আমি কেবল তোমাকেই উপাসনা করব। আমাকে ভালবাসার জন্য সৃষ্টিকর্তা ঈশ্বর তোমাকে ধন্যবাদ। অন্ধকারে হারিয়ে যাওয়া থেকে আমাকে উদ্ধার করবার জন্য তোমাকে ধন্যবাদ সৃষ্টিকর্তা ঈশ্বর। আমেন।

পুরস্কার: প্রত্যেকটি ছেলেমেয়েকে তার কাহিনী পুস্তক চার এর অনুলিপি দিন। সুখবরের কাহিনীপুস্তক চার পড়তে প্রতিটি ছেলেমেয়েকে সাহায্য করুন।